



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭.৪২

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৮

২৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: ২০২১-২২ অর্থবছরে ইউপি চেয়ারম্যান ও সদস্যগণের সম্মানীভাতা এবং ইউপি সচিব, হিসাব সহকারী-কাম কম্পিউটার অপারেটর এবং গ্রামপুলিশদের বেতন ভাতার ৪র্থ কিস্তির চাহিদা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: এ বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০২.১৭ (অংশ-১)-৩৩, তারিখ: ১৭/০১/২০২২খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছরের অনুন্নয়ন বাজেটে গ্রামপুলিশ এবং ইউনিয়ন পরিষদ খাতে বরাদ্দকৃত অর্থ হতে ইউপি চেয়ারম্যান ও সদস্যদের সম্মানীভাতা এবং ইউপি সচিব, হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর ও গ্রামপুলিশগণের বেতন-ভাতার ১ম-৩য় কিস্তির অর্থ ছাড় করা হয়েছে। অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা অনুযায়ী এপ্রিল-জুন সময়ে ৪র্থ কিস্তির অর্থ ছাড় করা হবে। সেপ্রেক্ষিতে, জুন, ২০২২ পর্যন্ত ইউপি চেয়ারম্যান ও সদস্যদের সম্মানীভাতা এবং ইউপি সচিব, হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর ও গ্রামপুলিশদের বেতন-ভাতা (বকেয়াসহ) পরিশোধের জন্য আর কত টাকা প্রয়োজন হবে তার চাহিদা ছক মোতাবেক প্রেরণের জন্য গত ১৭/০১/২০২২ তারিখে সকল জেলা প্রশাসক-কে অনুরোধ করা হয়। কিন্তু মুন্সিগঞ্জ, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, মৌলভীবাজার, সুনামগঞ্জ, পাবনা, দিনাজপুর, মেহেরপুর, পিরোজপুর, পটুয়াখালী, ভোলা হতে কোন চাহিদা প্রেরণ করা হয়নি।

০২। এমতাবস্থায়, জুন, ২০২২ পর্যন্ত ইউপি চেয়ারম্যান ও সদস্যদের সম্মানীভাতা এবং ইউপি সচিব, হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর ও গ্রামপুলিশগণের বেতন-ভাতা (বকেয়াসহ) পরিশোধের জন্য ৪র্থ কিস্তিতে আর কত টাকা প্রয়োজন হবে তার চাহিদা ছক মোতাবেক আগামী ০৬/০৩/২০২২ তারিখের মধ্যে ই-মেইল (lgup2@lgd.gov.bd) এবং ডাকযোগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। এছাড়া প্রকৃত এবং বাস্তব চাহিদার অতিরিক্ত অর্থ (যা অব্যয়িত থাকতে পারে) না চাওয়ার জন্যও অনুরোধ করা হলো।

২-৩-২০২২

মোঃ আকবর হোসেন
উপসচিব

বিতরণ :

ফোন: ৯৫১৪১৯০

ইমেইল: lgup2@lgd.gov.bd

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সিগঞ্জ।
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা।
- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর।
- ৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
- ৬) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
- ৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।
- ৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
- ৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর।
- ১০) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর।
- ১১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী।
- ১২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
- ১৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭.৪২/১(৫)

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৮
২৭ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
- ২) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) অতিরিক্ত সচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



২-৩-২০২২

মোঃ আকবর হোসেন
উপসচিব